টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকসন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা-৬

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত
( দাদাঠাকুর )

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২১শে ফাল্গুন বুধবার, ১৩৭৫ ইং 5th Mar. 1969 | ৪১শ সংখ্যা


সকল ঘরের তরে...
দীপ্তি লন্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ... হবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• সম্পূর্ণ ধোঁয়া ও ঝঞ্ঝাটহীন।
• মজবুত ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।

খাস জনতা
কেরোসিন কুকার
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

এই তো খেলার দিন—
ক্রিকেট, ভলিবল, ব্যাডমিন্টন।
উল ও প্রসাধন সামগ্রী ইত্যাদি পাওয়া যায়।
পরীক্ষা প্রার্থনীয়।
কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ



স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

২১শে ফাল্গুন বুধবার সন ১৩৭৫ সাল।

## বাজেট-বাজে কেন্দ্র সাজে

--০--

এদেশে আগামী আর্থিক বৎসরের বাজেট সম্পর্কে সরকারী ঘোষণার জন্য ছোট-বড় ব্যবসায়ী-মহল, শিল্পপতি ও উৎপাদনকারীরা কি পরিমাণ আগ্রহপোষণ করেন, তাহা কাহারও অবিদিত নয়; কিন্তু ইংরাজী বৎসরের গোড়ার দিক হইতে দেশের সাধারণ মানুষ একটা দুশ্চিন্তার অগ্নি-উত্তাপ যে পোহাইয়া থাকেন, তাহা অস্বীকার করিবার উপায় নাই। ইহার কারণ, বাজেটে করবৃদ্ধির চিরাগত একটা প্রথা। ঘাটতি পূরণের মহৎ উদ্দেশ্য লইয়া এই সৎকার্যটি সম্পন্ন হয়।

১৯৬৯-৭০ সালের বাজেটে কেন্দ্রীয় অর্থমন্ত্রী মহাশয় পুরাতন ঐতিহ্য বজায় রাখিয়াছেন। নূতন কর বসানর ফলে এবং বর্ত্তমান কর হার বৃদ্ধির জন্য নানা ভোগ্যপণ্যসহ বহু জিনিসের দাম ঊর্দ্ধগতি লাভ করিবে। সার্বিক ঘাটতি কমাইবার জন্য অতিরিক্ত আদায়ের এই নয়া ব্যবস্থা। বাজেটের অতশত কচকচি সাধারণে বোঝেন না; কোন্ কোন্ জিনিসের দাম বাড়িল ইহাই প্রশ্ন। উত্তরে বলা যায় যে, চিনি, সিগারেট, পেট্রল, কেরোসিন, রেয়ন, কৃত্রিম তন্তু, রবারের তৈয়ারী জিনিস, উদ্ভিজ্জ দ্রব্য, সোডা এ্যাশ্, কসটিক সোডা, সাবান, সিমেন্ট, গৃহস্থালী বিদ্যুৎসরঞ্জাম, মিহি কাপড় ইত্যাদি বর্দ্ধিত মূল্যের নূতন তিলক ধারণ করিয়া মঞ্চে অবতীর্ণ হইবে। সার ও বিদ্যুৎচালিত পাম্পের উৎপাদন শুল্ক বসান হইয়াছে। কৃষি সম্পদের উপর সম্পত্তি কর বসান এবারের একটি গুরুত্বপূর্ণ ঘটনা। টেলিগ্রাম ও টেলিফোনের মাশুল বাড়িয়াছে। এক ধারে করের বোঝা যেমন বাড়িতেছে, অন্য ধারে ফাঁপাই টাকার স্ফীতি ঘটিয়া চলিয়াছে। বাহির হইতে ধারকর্জ, করবৃদ্ধি, অতিরিক্ত নোট ছাপান প্রভৃতি কৌশলের দ্বারা তাল সামলাইবার চেষ্টা যে চলে না, তাহা বলা যায় না। নূতন বাজেটে যেমন নূতন কর বসিয়াছে, পুরাতন কর বৃদ্ধিও ঘটিয়াছে। ভাগ্য ভাল যে, ডাক ও তার বিভাগে কেবল টেলিগ্রাম ও টেলিফোনের উপর দিয়া বৃদ্ধি ঘটিল। মনিঅর্ডার ফর্মের মূল্য ফেরতযোগ্য না করিলে আরও কিছু আদায় হওয়ার পথ থাকিত।

শুনা গেল যে, নূতন কর কেবল শৌখিন দ্রব্যাদির উপর বসিতেছে। সুতরাং কুবেরের প্রসাদপুষ্ট ভাগ্যবানদের দলকে বেশী খরচ করিতে হইবে। চিনি, সাবান, সিমেন্ট প্রভৃতির দর বাড়িলে মধ্যবিত্তদের চিন্তার কি আছে? পেট্রলের মূল্য বৃদ্ধিতে পরিবহণ খরচ বাড়িলে তাহাতেই বা কি? ধোঁকাবাজি কতক্ষণ টিকিয়া থাকে? মোটর বাসে যাতায়াত প্রমোদবিহার বা বিলাস নয়, নানাদিক দিয়া আবশ্যিক। মধ্যবিত্তেরাই এই সুযোগ গ্রহণ করিয়া থাকেন। মধ্যবিত্তেরা চিনির কাজ গুড়ে, সিমেন্টের কাজ কাদায় এবং সাবানের কাজ সাজি মাটিতে সারিবেন। সার ও বিদ্যুৎচালিত পাম্পের উপর অর্থমন্ত্রী মহাশয় যে দৃষ্টিপাত করিতেছেন, তাহাতে দেশের কৃষিবিপ্লবের ক্ষেত্রে মন্দোৎসাহ আসিয়া পড়া স্বাভাবিক। ইহাতে নাকি কংগ্রেসী অকংগ্রেসী সংসদ সদস্যগণ ক্ষুব্ধ। তাঁহাদের ধারণা, এই ব্যবস্থায় কৃষি একটা আঘাতের সম্মুখীন হইবে।

সংবাদে প্রকাশ, কলিকাতার ব্যবসায়ী-মহল কেন্দ্রীয় সরকারের বাজেটে সন্তোষ প্রকাশ করিয়াছেন। সন্তুষ্ট না হওয়ার কি কারণ থাকিতে পারে? পরের মাথায় যাঁহারা কাঁঠাল ভাঙ্গিয়া খাইতে অভ্যস্ত. তাঁহারা যে কোন পরিস্থিতিতে সন্তুষ্ট থাকিবেন। জনসাধারণের প্রতি তাঁহাদের দরদ কত! 'ক্যা করুঁ সাব্, সরকারনে এ্যায়সা এ্যায়সা কিয়া'—মোক্ষম বুলি শুনাইয়া জিনিসের দাম অভ্রংলিহ করিয়া তবে ছাড়িবেন। নিরুপায় ক্রেতা একটা দীর্ঘশ্বাস ফেলিয়া মাকড়সার জালে আটকা পড়িবেন।

কেন্দ্রের নিকট হইতে রাজ্যের জন্য অতিরিক্ত অর্থ ও খাদ্যের দাবী লইয়া মুখ্যমন্ত্রী ও অর্থমন্ত্রী শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়, ডেপুটি মুখ্যমন্ত্রী এবং খাদ্যমন্ত্রী সমভিব্যাহারে আলোচনার জন্য রাজধানী যাত্রা করিতেছেন। ইহা ছাড়াও এই রাজ্যের ভাগ্যে নূতন বাজেটে কেন্দ্রীয় শিকার কতটুকু ছিঁড়িবে, তাহাও জানার প্রয়োজন। পশ্চিমবঙ্গের রাজকোষের জন্য কেন্দ্রীয় সরকারের উদারতা প্রার্থনা রাজ্যের কংগ্রেসী সরকারও আগে করিয়াছিলেন। ফলপ্রসূ হয় নাই। এবারের নূতন বাজেট ও কেন্দ্রের নিকট পশ্চিমবঙ্গের আর্থিক দাবী—উভয়ের জন্য এদেশের উৎকণ্ঠা থাকা স্বাভাবিক। আশাবাদী কেন্দ্রীয় অর্থমন্ত্রী মহাশয় বলিয়াছেন যে, রপ্তানী, সঞ্চয়, শিল্পের আধুনিকীকরণ, বৈষম্য দূর করিয়া করকাঠামোকে উপযোগী করার পরিপ্রেক্ষিতে তিনি সাহায্যের ব্যবস্থা করিয়াছেন। ইহা ব্যতীত কর ফাঁকি প্রতিরোধ, করের ভার সমহারে বণ্টন করা এবং অর্থ-নৈতিক উন্নতির ভিত্তিতে কর-কাঠামো তৈয়ারী করার দিকে তাঁহার বিশেষ লক্ষ্য আছে। 'ফলেন পরিচীয়তে'। তবে এবারে বাজেট বজ্রেও মধ্যবিত্ত-অসুর নিহত হইবে না।

---

## বাৎসরিক দৌড়ঝাঁপ প্রতিযোগিতা

—•—

বিগত ২২শে ফেব্রুয়ারী শনিবার অরঙ্গাবাদ ডি, এন, কলেজের অধ্যক্ষ শ্রীবিজনকান্তি বিশ্বাস মহাশয়ের সভাপতিত্বে নিমতিতা জি, ডি, ইনষ্টিটিউসনের বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হইয়াছে। প্রতিযোগিতা দেখিবার জন্য বহুলোক সমবেত হইয়াছিলেন।

গত ২৬শে ফেব্রুয়ারী বুধবার বাড়ালা রামদাস সেন উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হইয়াছে। জঙ্গিপুর মহাবিদ্যালয়ের অধ্যক্ষ শ্রীজগদানন্দ দত্ত মহাশয় সভাপতিত্ব করেন।

---

## যুক্ত-ফ্রন্ট জিন্দাবাদ

যুক্ত-ফ্রন্টের জয়ে পশ্চিম বাংলার জনগণ এক নূতন যুগের আলোক দেখতে পেল। তাঁদের এতদিনের পুঞ্জীভূত বেদনা কংগ্রেসের আমলাতন্ত্রের বিষবৃক্ষ, শহরে গ্রামে এমনভাবে শিকড় গেড়ে বসেছিল যে, জনগণের ন্যায়সঙ্গত সামান্য দাবীটুকুও তাঁরা যুক্তিহীনভাবে যে পদ-দলিত করে এসেছেন এবং এই অশুভ শক্তি সাধারণ মানুষের জীবন, জীবিকা ও শান্তিকে বিপর্যস্ত করে সারা দেশে যে বিশৃঙ্খলার সৃষ্টি করেছে—তার এবার পরিসমাপ্তি ঘটবে বলে আশা করি।

যুক্ত-ফ্রন্ট সরকার এর অর্থই হলো আমাদের সরকার, জনগণের সরকার। ধীর, স্থির ও নির্ভয়ে এগিয়ে চলুক দেশের ও দশের সেবার ব্রতে, ......জনচিত্তে ফিরে আসুক শান্তি আর মুখে হাসি।

এই সরকার গ্রহণ করুন আমাদের অভিনন্দন।

শ্রীমহাদেব চক্রবর্ত্তী, সম্পাদক
বোথারা সংগ্রাম কমিটি

## পুলিশী জুলুম

আজিমগঞ্জ নলহাটী সেকশনে সাগরদীঘি ও মোরগ্রাম ষ্টেশনের মধ্যবর্ত্তী বোথারাতে রেল ষ্টেশন স্থাপনের দাবীতে সংগ্রাম কমিটির সদস্যগণ ও উক্ত অঞ্চলের জনসাধারণ এতদিন ধরে যে আন্দোলন চালাচ্ছিলেন, সেই আন্দোলনকে দাবিয়ে দেওয়ার জন্য আজিমগঞ্জ জি, আর, পি, সংগ্রাম কমিটির সম্পাদক শ্রীমহাদেব চক্রবর্ত্তীকে তাঁর নিজের বাড়ী হতে গ্রেপ্তার করে লালবাগ কোর্টে নিয়ে যাওয়ার সময় আরও কিছু সদস্য স্বেচ্ছাবন্দী হন। পরে তাঁদের সকলকেই জামিনে খালাস দেওয়া হয়েছে।

অহেতুক গ্রেপ্তার এবং তাঁদের উপরে যে চারিটি মামলা ( জি, আর ৪৮৯।৬৮, জি, আর ৬৮০।৬৮, জি, আর ৭৪৮।৬৮ এবং জি, আর ৭৪৯।৬৮ ) লালবাগ কোর্টে দায়ের করা হয়েছে, তা যেমন অন্যায় তেমনি পীড়াদায়ক। জি, আর, পি-এর খামখেয়ালীতে সাধারণ মানুষের আজ কত যন্ত্রণা ভোগ করতে হচ্ছে। অন্যায়, নীতিহীন এবং সর্ব্বোপরি জুলুমবাজীর প্রতিকারের জন্য এবং মামলা প্রত্যাহারের জন্য স্থানীয় বি-ডি-ও, এস-ডি-ও, জেলা ম্যাজিষ্ট্রেট, পশ্চিমবঙ্গের রাজ্যপাল, পূর্ব্ব রেলের জেনারেল ম্যানেজার, রেলওয়ে রাষ্ট্রমন্ত্রী শ্রীপরিমল ঘোষ ও আরও অনেকের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। শ্রীজর্জ ফার্ণাণ্ডিজ এম, পি কর্ত্তৃক তদানীন্তন রেলমন্ত্রী শ্রীপুনাচা এবং গৃহমন্ত্রী শ্রীচাবনের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। তবুও আজ পর্য্যন্ত কোনই প্রতিকার হলোনা—যাতে এই নিরীহ গ্রামবাসীরা পুলিশী অত্যাচারের হাতে আর নিগৃহীত না হন বা তাঁদের অহেতুক বিড়ম্বনা ভোগ ও অর্থ-শ্রাদ্ধ না হয়।

পরন্তু বোথারাতে হল্ট ষ্টেশন বা ফ্ল্যাগ ষ্টেশন স্থাপনের যে প্রস্তাব স্থানীয় জনসাধারণ, মার্চেন্টস্ এসোসিয়েশন, বি-ডি-ও, এস-ডি-ও, জেলা ম্যাজিষ্ট্রেট পশ্চিমবঙ্গের ভূতপূর্ব্ব পরিবহণ মন্ত্রী শ্রীবিজয় সিং নাহার, শ্রীনলিনাক্ষ সান্যাল ( এম, এল, এ ) ও শ্রীদীনেশচন্দ্র ঘোষ, মেম্বার জোনাল রেলওয়ে ইউজার্স কন্সাল্‌টেটিভ কমিটি, এম-পি সর্ব্বশ্রী লুৎফল হক, জর্জ ফার্ণাণ্ডিজ, ত্রিদিব চৌধুরী এবং প্রধান মন্ত্রী যে প্রস্তাব দিয়েছেন, তার আজ পর্য্যন্ত কোন সার্থক রূপায়ন দেখা যাচ্ছে না। এজন্য এই অঞ্চলের ৩০।৩২ খানা গ্রামের মানুষের এবং দৈনিক প্রায় ৫০ খানা বাসযাত্রী কমপক্ষে ১০০০।১২০০ যাত্রীদের ভীষণ দুর্ভোগ ভোগ করতে হচ্ছে। জন-দরদী সরকার এ ব্যাপারে আশু দৃষ্টি দিবেন কি?

শ্রীজয়ন্তকুমার দত্ত

---

## হর্ষবর্দ্ধন

—শ্রীবাতুল

গত ২৩শে ফেব্রুয়ারী বাংলা দেশের দুই প্রান্তিক রাজধানী কলিকাতা ও ঢাকায় বিজয়োৎসব অনুষ্ঠিত হয়েছে। কলিকাতায় অন্তর্বর্তী নির্বাচনে যুক্ত-ফ্রন্টের সাফল্যে বিজয়োল্লাস, আর ঢাকায় পাক-ডিক্টেটর আয়ুব খানের পরাজয়ে ও শেখ মুজিবর রহমানের মুক্তিতে উল্লাস।

কারও পৌষ মাস কারও সর্বনাশ।

* * *

জনৈক ভদ্রলোক : হোলিতে লাল রং পাওয়া কঠিন দেখছি।

'অনেকে লাল ভক্ত হয়ে 'মেরে লাল' শুরু করেছেন যে।'—বাতুল বলেন।

* * *

## জঙ্গিপুর সংবাদ

( সাপ্তাহিক সংবাদ-পত্র )

১৯৫৬ সালের সংবাদ-পত্র রেজিষ্ট্রেসন ( কেন্দ্রীয় ) আইনের ৮ ধারা অনুযায়ী মালিকানা ও অন্যান্য বিষয়ের বিবরণ :—

### ৪নং ফরম

১। যে স্থান হইতে প্রকাশিত হয় "জঙ্গিপুর সংবাদ" কার্য্যালয়, পণ্ডিত-প্রেস, চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ( পঃ বঙ্গ )

২। প্রকাশের সময়-ব্যবধান—সাপ্তাহিক

৩, ৪, ৫। মুদ্রাকর, প্রকাশক ও সম্পাদকের নাম—শ্রীবিনয়কুমার পণ্ডিত
জাতি—ভারতীয় নাগরিক
বাসস্থান—চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ
জেলা মুর্শিদাবাদ ( পঃ বঙ্গ )

৬। এই সংবাদ-পত্রের স্বত্বাধিকারী অথবা যে সকল অংশীদার মূলধনের এক শতাংশের অধিক অংশের অধিকারী তাঁহাদের নাম ও ঠিকানা—
স্বত্বাধিকারী—শ্রীবিনয়কুমার পণ্ডিত ও
শ্রীঅমলকুমার পণ্ডিত
পণ্ডিত-প্রেস, চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ
জেলা মুর্শিদাবাদ ( পঃ বঙ্গ

আমি, শ্রীবিনয়কুমার পণ্ডিত, এতদ্দ্বারা ঘোষণা করিতেছি যে উপরোক্ত বিবরণসমূহ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

তারিখ — স্বাঃ—শ্রীবিনয়কুমার পণ্ডিত,
রঘুনাথগঞ্জ — প্রকাশক।
৫ই মার্চ্চ, ১৯৬৯

---

( ৫ম কলমের জের )

সিরিয়ায় সামরিক অভ্যুত্থান। প্রতিরক্ষামন্ত্রী জেনারেল হাফিজ এল আসাদ এবং বিমানবহরের সর্বাধিনায়ক এই সামরিক অভ্যুত্থানের নায়ক—সংবাদ।

আসাদ ঘটান ফ্যাসাদ সিরিয়া জুড়িয়া।

* * *

বোম্বাইতে শিবসেনাদের তাণ্ডবে কত বাস পুড়েছে—একটি মন্তব্য।

সানুচর নন্দীভৃঙ্গী দক্ষযজ্ঞ লণ্ডভণ্ড করেছিল। আজ দেশের গঠনমূলকযজ্ঞ পণ্ডপ্রয়াসী সেনাযুক্ত হয়ে।

## খোকার জন্মের পর..

আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।

## জবাকুসুম
কেশ তৈল



সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
জবাকুসুম হাউস • কলিকাতা-১২

KALPANA.J.K-84.B



শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্ল্যাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও গোডাউন |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |



দাঁত তোলানোর ও বাঁধানোর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

### ডেন্টাল ক্লিনিক

ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেন্টাল সার্জ্জেন

পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

### পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহোষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪.০০ চারি টাকা, শহরে ৩.০০ তিন টাকা, প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার:—প্রতিবার প্রতি লাইন ৭৫ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১.২৫ এক টাকা পঁচিশ পয়সা, পূর্ণ পৃষ্ঠা ৬০.০০ ষাট টাকা, অর্দ্ধ পৃষ্ঠা ৩২.০০ বত্রিশ টাকা, সিকি পৃষ্ঠা ১৮.০০ আঠার টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ